



নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১
চেঙ্গাইন, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।

সিনিয়র জেনারেল ম্যানেজারের কার্যালয়
Email: pbs1.narayanganj@gmail.com
Web: pbs1.narayanganj.gov.bd
Fb Page: facebook.com/narayanganjpbs1
Phone: 01769400055

স্মারক নং-২৭.১২.৬৭০৪.৫৭০.০১.০৪৮.২৬. ৫৬৭২

তারিখঃ- ০৪ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ
১৮ জুন, ২০২৬ খ্রিঃ

“নিলাম বিজ্ঞপ্তি”

নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১, চেঙ্গাইন, সোনারগাঁ, নারায়ণগঞ্জ এর ওএন্ডএম স্টোরের বিনষ্ট ফেঞ্চিং, খালি ববিন (সাদা/কালো) ও জ্বালানী কাঠ নিলামে বিক্রয়ের জন্য (যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে) শর্ত সাপেক্ষে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে স্বহস্তে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে স্বাক্ষরসহ সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	মালামালের বিবরণ	পরিমাণ	একক মূল্য (টাকা)	মোট মূল্য (টাকা)
১	বিনষ্ট ফেঞ্চিং	৫০৭ কেজি		
২	খালি ববিন (সাদা/কালো)	৫০০ টি		
৩	জ্বালানী কাঠ	২৫০০ কেজি		
কথায়:-				

শর্তাবলী:


- ০১। আগ্রহী নিলাম দরদাতাগণ আগামী ২৪/০৬/২০২৬ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত নিলাম দরপত্র সদর দপ্তর, নারায়ণগঞ্জ পবিস-১, চেঙ্গাইন, সোনারগাঁ, নারায়ণগঞ্জ এর রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে পারবেন। নির্ধারিত সময় উত্তীর্ণ হওয়ার পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা হবে না। প্রাপ্ত নিলাম দরপত্রসমূহ দরপত্র দাখিলের দিনই অর্থাৎ আগামী ২৪/০৬/২০২৬ খ্রিঃ তারিখ বেলা ১১:০৫ ঘটিকার সময় উপস্থিত প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। ডাক ও কুরিয়ার যোগে কোন দরপত্র প্রেরণ করা যাবে না।
- ০২। নিলাম দরপত্রের খামের উপর “বিনষ্ট ফেঞ্চিং, খালি ববিন (সাদা/কালো) ও জ্বালানী কাঠ এর নিলাম দরপত্র” কথাটি স্পষ্টাক্ষরে লিখতে হবে। নিলাম দরদাতার দাখিলকৃত একক মূল্য পবিস কর্তৃক নির্ধারিত প্রাক্কলিত মূল্যের নীচে হলে নিলাম দরপত্র বিবেচনা করা হবে না।
- ০৩। নিলামে উদ্ধৃত সর্বমোট মূল্যের ২৫% (পঁচিশ শতাংশ) হারে দরপত্র জামানত নারায়ণগঞ্জ পবিস-১ এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে (নগদ টাকা গ্রহণযোগ্য নয়) দরপত্রের সহিত জমা দিতে হবে। দরপত্র জামানত ব্যতীত নিলাম দরপত্র গ্রহণযোগ্য হবে না। কৃতকার্য সর্বোচ্চ নিলাম দরদাতাকে অবশ্যই অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর শতাংশ) মূল্য দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ০৭ (সাত) দিনের মধ্যে নগদ/ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ পূর্বক বর্ণিত মালামাল সমূহ গ্রহণ করতে হবে।
- ০৪। কৃতকার্য সর্বোচ্চ নিলাম দরদাতাকে সরকারী নিয়মানুযায়ী সর্বোচ্চ নিলাম মূল্যের উপর ভ্যাট এবং ট্যাক্স জমা প্রদান করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে মালামাল গ্রহণ করতে ব্যর্থ হলে নিলাম বিক্রয়াদেশ বাতিল করতঃ নিলাম দরপত্রের সাথে অত্র অফিসের অনুকূলে প্রদত্ত দরপত্র জামানত বাজেয়াপ্ত করা হবে। অকৃতকার্য দরদাতাদের দরপত্র জামানত নিয়মানুযায়ী ফেরত প্রদান করা হবে।
- ০৫। বর্ণিত মালামাল সমূহ আগামী ২৩/০৬/২০২৬ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত অত্র পবিসের সদর দপ্তরে পরিদর্শন করা যাবে। এই বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করা যাতে পারে।

(Signature)

(Signature)


০৬। নিলামকৃত মালামাল প্রদানের সময় কম বা বেশী হতে পারে। বাস্তব পরিমাপের ভিত্তিতে মালামাল গ্রহণ করতে হবে।

০৭। শর্তাবলীতে উল্লেখ নাই এমন বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।


(প্রকৌ: শেখ মোহাম্মদ আলী)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-(সদয় অবগতি এবং নোটিশ বোর্ড ও ওয়েবসাইট -এ বহল প্রচারের অনুরোধসহ) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যাং ও পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০২। জেলা প্রশাসক/পুলিশ সুপার, নারায়ণগঞ্জ। (সদয় অবগতির জন্য)
০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার..... পবিস-১/২/৩/৪।
০৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সোনারগাঁও/বন্দর, নারায়ণগঞ্জ।
০৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, নারায়ণগঞ্জ।
০৬। ডিজিএম (কারিগরি/সোনারগাঁও/বন্দর/তারাব/মদনপুর), নারায়ণগঞ্জ পবিস-১।
০৭। সহকারী প্রকৌশলী, বাপবিবোর্ড, নারায়ণগঞ্জ।
০৮। এজিএম (অর্থ-হিসাব/ওঅ্যান্ডএম/আইটি), নারায়ণগঞ্জ পবিস-১। (এজিএম আইটি অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
০৯। মের্সাস.....।
১০। নোটিশ বোর্ড, নারায়ণগঞ্জ পবিস-১।


(প্রকৌ: শেখ মোহাম্মদ আলী)
সিনিয়র জেনারেল ম্যানেজার
১৪